ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪২৪
খোয়াই, ২৮ অক্টোবর, ২০২৫

**স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) ঃ খোয়াই জেলায় ১০৯৮টি পরিবারে শৌচালয় নির্মাণ**

স্বচ্ছ ভারত মিশনে (গ্রামীণ) চলতি অর্থবছরের এখন পর্যন্ত খোয়াই জেলার ৬টি ব্লক এলাকার মোট ১ হাজার ৯৮টি পরিবারকে শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। এরমধ্যে কল্যাণপুর ব্লকে ৪২১টি, খোয়াই ব্লকে ৬১টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৬২টি, পদ্মবিল ব্লকে ১০১টি, তেলিয়ামুড়া ব্লকে ৩২১টি ও তুলাশিখর ব্লকে ১৩২টি পরিবারকে বিজ্ঞানসম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে। প্রতিটি শৌচালয় নির্মাণে ১২ হাজার টাকা করে ব্যয় হয়েছে। স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) জেলা প্রশাসন কার্যালয়ের নির্বাহী বাস্তুকার জীবেশ দেববর্মা এই সংবাদ জানান।

*****